

বালিয়াকান্দিতে প্রধান শিক্ষক নিয়োগে অনিয়ম

ডিসিসহ ৭ জনের বিরুদ্ধে মামলা

প্রতিনিধি বালিয়াকান্দি (মাজবাড়ী)

মাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলার নবাবপুর ইউনিয়নের মাজবাড়ী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগে ডিসিসহ ৭ জনের বিরুদ্ধে মাজবাড়ী সহকারী জজ আদালতে মামলা দায়ের হয়েছে। মামলাটি দায়ের করেছেন চাকরিপ্রার্থী উপজেলার নবাবপুর ইউনিয়নের বড়হিজলী গ্রামের নামের আলী মওলের ছেলে হুমির উদ্দিন। মামলায় আসামি করা হয়েছে, মাজবাড়ী উচ্চ বিদ্যালয়ের সভাপতি মোঃ আজিজ ইকবাল, বাছাই কমিটির সদস্য মাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আজিজা বানম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ ইকবাল হাসান, অভিভাবক সদস্য মানিক শিকদার, সদস্য নচিব

মাজবাড়ী উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক অনুরোধ চন্দ্র চক্রবর্তী, মেলা শিখা অফিসার ও জেলা প্রশাসককে মামলায় অভিযোগ করেন, মাজবাড়ী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পূন্যপদে পদনিক্ত সুশান্ত ও মাতৃকর্ত পত্রিকায় ২০১৩ সালের ১৫ আগস্ট বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির বর্ণনামতে মাজবাড়ী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে বাদী আবেদন দাখিল করেন। যাচাই-বাচাই কমিটি ১১ জনের আবেদন নথিকভাবে গ্রহণ করে ২০১৩ সালের ৯ নভেম্বর সাক্ষাৎকারের পত্র ইস্যু করেন। নিয়োগ কমিটির নম্বরে ২০১৩ সালের ১৫ নভেম্বর অন্য প্রার্থীদের সঙ্গে বাদী উপস্থিত হয়ে পিবিভ ও নোঙ্গিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। ওই দিনই প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ শেষে বাছাই কমিটি বাদীকে প্রধান স্থান অধিকারী দেখিয়ে মাজবাড়ী উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগ্য বিবেচনায় নিয়োগ প্রদানের জন্য সুপারিশসহ নিয়োগকারী কর্তৃপক্ষের কাছে ফলাফলের তালিকা প্রেরণ করেন। তিনি মামলায় আরও উল্লেখ করেন, মামলার ৫নং বিবাদী অনুরোধ চন্দ্র চক্রবর্তী তার প্রতি সহানুভূতি দেখিয়ে নিয়োগ সংক্রান্ত ফাইল থেকে অভিপর্যাপ্ত প্রদান করায় বাদী নিশ্চিত হন যে তিনি সর্বোচ্চ নম্বর পেয়েছেন। তাতে নিয়োগ ও বাছাই কমিটি সুপারিশ করেছেন। ২০১৪ সালের ৫ জানুয়ারি ৫নং বিবাদী অনুরোধ চক্রবর্তীর কাছ থেকে জানতে পারেন তার স্থলে অপর ব্যক্তিকে প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। পরে তিনি মাজবাড়ী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে মনোনীত পদে অর্বে ঘোষণাবলক ডিগ্রি পাওয়ার জন্য আদালতে মামলা দায়ের করেছেন।